



০০০০ ০০০০০

০০০০০ ০০০০০০০০ ০ ০০০০০০০০০ ০০০০০০

Job Category: Security/Protective Services

Job Source: ০০০০০ ০০০০০০ ০০০০

## Job Summary

Posted On: 11 Jan 2025

Application Deadline: 6 Feb 2025



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.nmst.gov.bd



নম্বর: ৩৯.০৩.০০০০.০০৯.১১.০০১.২৩.১২

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্ব খাতের আওতায় নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতনস্কেল	শিক্ষণত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
১.	অফিস সহায়ক	১	১৮-৩২	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষণত যোগ্যতাসহ স্থায়ী স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	সকল জেলা
২.	গ্যালারী গার্ড	১	১৮-৩২	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষণত যোগ্যতাসহ স্থায়ী স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	সকল জেলা

### আবেদনের শর্তাবলী:

- ১। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫;
- ২। আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ৩০ জানুয়ারি ২০২৫ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;
- ৩। সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফর্মের নমুনা এ অফিসের Website: www.mopa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে;
- ৪। আবেদনপত্রের খামের উপরে ডানপাশে পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫ ইঞ্চি x ০৪ ইঞ্চি পরিমাপের একটি ফেরত খাম দিতে হবে;
- ৫। প্রার্থীর বয়সসীমা ৩০ জানুয়ারি ২০২৫ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
- ৬। নিয়োগ বিষয়ে সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে;
- ৭। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়;
- ৮। আবেদনপত্রের সাথে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ৫০/- (পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে না;
- ৯। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- ১০। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- ১১। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সর্বমুঠ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলায় স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি প্রদান করতে হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে;
- ১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লেখ্য, ইতোপূর্বে ৫ মে ২০২৪ তারিখের ৩৯.০৩.০০০০.০০৯.১১.০০১.২৩.৩২২৭ স্মারকে দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল প্রার্থী অফিস সহায়ক ও গ্যালারী গার্ড পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

পিএফ-১৭৪৬-৩২/২৫ (৫" x ৪)

৩৯-০১-২০২৫

মোহাম্মদ আব্দুল কালাম আজাদ  
উপ-পরিচালক।